

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৭৭

তারিখ: ১৯ কার্তিক ১৪২৬  
০৪ নভেম্বর ২০১৯

বিষয়: প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।  
সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোনো সতর্কবার্তা নেই।

আজ ০৪ নভেম্বর ২০১৯ খ্রীঃ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ দেশের অভ্যন্তরীণ নদীবন্দরের জন্য কোনো সতর্কবাণী নেই এবং কোনো সংকেত দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ উত্তর আন্দামান সাগরে একটি লঘুচাপ সৃষ্টি হয়েছে। এটি আরও ঘনীভূত হতে পারে। লঘুচাপের বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশের রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): লঘুচাপের এলাকা আরও বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

| বিভাগের নাম         | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---------------------|------|-----------|-----------|-------|---------|-------|-------|--------|
| সর্বোচ্চ তাপমাত্রা  | ৩২.৫ | ৩১.৫      | ৩৪.০      | ৩২.৮  | ৩২.৫    | ৩২.০  | ৩২.৫  | ৩২.৫   |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২০.৬ | ২০.৬      | ২০.৭      | ২১.৪  | ২০.০    | ১৬.৫  | ২০.৫  | ২১.০   |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাঙ্গামাটি ৩৪.০° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৬.৫° সেঃ।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ০২/১০/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৩/১১/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১০টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---------|-------------|---------------------|--------------|---------------|
| ১।      | ঢাকা        | ৪                   | ০            | ০             |
| ২।      | ময়মনসিংহ   | ০                   | ০            | ০             |
| ৩।      | বরিশাল      | ০                   | ০            | ০             |
| ৪।      | সিলেট       | ০                   | ০            | ০             |
| ৫।      | রাজশাহী     | ১                   | ০            | ০             |

|    |           |    |   |   |
|----|-----------|----|---|---|
| ৬। | রংপুর     | ০  | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ১  | ০ | ০ |
| ৮। | খুলনা     | ৪  | ০ | ০ |
|    | মোট       | ১০ | ০ | ০ |

## ভবন ধসঃ

নারায়ণগঞ্জঃ জেলা প্রশাসন, নারায়ণগঞ্জ স্মারক নং- ০৫.৪১৬৭০০.১০০.১৪.০০১.১৯-৩২ তারিখঃ ৩.১১.২০১৯ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছে যে, আনুমানিক বেলা ৪:১০ ঘটিকায় নারায়ণগঞ্জ সদর উপজেলাধীন কাশিপুর ইউনিয়নের বাবুরাইল এলাকায় অবস্থিত আব্দুর রউফ মিয়া কর্তৃক খালের পার্শ্বে নির্মিত চারতলা ভবনটি হঠাৎ হেলে পড়ে। উক্ত ঘটনায় শোয়েব (১২ বছর) নামে একজন স্কুল ছাত্র মারা যায় এবং ৪ জন আহত হয়। আহতদেরকে প্রাথমিক চিকিৎসার জন্য স্থানীয় হাসপাতালে প্রেরণ করা হয়। এদের মধ্যে একজনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হয়। ধারণা করা হচ্ছে যে, ভবনের ভেতরে একজন আটকা পড়েছে। জেলা প্রশাসক ঘটনাস্থল পরিদর্শন করেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের তহবিল হতে জেলা প্রশাসন নিহতের পরিবারকে অনুদান হিসাবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদানের ব্যবস্থা গ্রহণ করেছে। ঘটনা তদন্তে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ এর নেতৃত্বে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এলাকায় বিপুল পরিমাণ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েন রয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আইনগত সহায়তা প্রদান করার জন্য নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়েছে। বর্তমানে পরিস্থিতি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিয়ন্ত্রনে আছে।

২। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১  
এনডিআরসিসি অধিশাখা  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়



৪-১১-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান  
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল: controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৭৭/১(৬৫)

তারিখ: ১৯ কার্তিক ১৪২৬  
০৪ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক, ত্রাণ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) উপপরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা



৪-১১-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান  
ভারপ্রাপ্ত কর্মকর্তা